ঝিনাইদহে কৃষকদের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ৬ হাজার ৮০০ কৃষকদের মাঝে বিনামুল্যে রাসায়নিক সার ও উচ্চ ফলনশীল ধানবীজ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের আয়োজনে এ প্রনোদনা বিতরণ করা হয়।

সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত।

অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জুনাইদ হাবীব। কৃষি বিভাগ জানান, সরকারের রবি মৌসুমে প্রনোদনা কর্মসূচীর আওতায় বোরো উচ্চ ফলনশীল আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার ৬ হাজার ৮০০ কৃষকের প্রত্যেককে ২০ কেজি রাসায়নিক সার ও ৫ কেজি ধান বীজ বিতরণ করা হয়।

কালীগঞ্জে নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান এর বিরুদ্ধে ঝাড়ু মিছিল

ঝিনাইদহের কালীগঞ্জে নব-নির্বাচিত এক চেয়ারম্যানের বিরুদ্ধে এলাকার মানুষ ঝাটা মিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছে। সোমবার বিকালে খামারমুন্দিয়া গাজেম আলী দাখিল মাদরাসার সামনে উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন অপুর বিরুদ্ধে এই ঝাটা মিছিল ও বিক্ষোভ করেন তারা।

এর আগে তারা সেখানে শত শত গ্রামবাসির উপস্থিতিতে বিক্ষোভ সমাবেশে করে। এসময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক ইসরাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, মাসুদুর রহমান, যুবলীগ নেতা হাবিবুর রহমান, জাকির হোসেন ও সাবেক ইউপি চেয়ারম্যান জহুরুল ইসলামসহ অনেকে।

মারপিটের শিকার তুহিন রেজা জানান, রবিবার সন্ধ্যায় তৃত্বীয় ধাপে অনুষ্ঠিত ইউপি নির্বাচনে উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের ১ নং ওয়ার্ডের পুরুষ মেম্বর পদে ভোটের ফলাফলে টিউবয়েল প্রতিকের প্রার্থী নজরুল ইসলাম ফেল করে। এতে সে ক্ষিপ্ত হয়ে লোকজন নিয়ে রাত ৭ টার দিকে বিজয়ী ফুটবল প্রতিকের প্রার্থী ইসমাইল হোসেনের কর্মীদের উপর হামলা চালায়। এ সময় আমি সহ আমাদের কয়েকজনকে মারধর ও দুইটি বোমার বিস্ফোরন ঘটায় তারা। এসময় অভিযোগ করা হয় চেয়ারম্যান অপু নিজে ঘটনাস্থলে উপস্থিত থেকে মারপিট ও বোমার বিস্ফোরণ ঘটায়।

ওইদিন রাতেই এলাকাবাসি এ ঘটনার প্রতিবাদে ঢাকা -খুলনা মহাসড়ক অবরোধ করে। খবর পেয়েই পুলিশ ও কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত সুষ্ট করে বিচারের আশ্বাস দিলে আধাঘন্টা পর এলাকাবাসী অবরোধ তুলে নেয়।

চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, ঘটনার সময় আমি সেখানে ছিলাম না। তবে আমার ছেলেরা একজনকে চড় মারাকে কেন্দ্র করে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়। সংবাদ পেয়ে আমি সেখানে উপস্থিত হয়ে পরিস্থিতি ঠান্ডা করে সবাইকে বাড়ি পাঠিয়ে দিই। এরপর রাতেই আমার প্রতিপক্ষের কয়েকজনের প্ররোচনায় তারা রাস্তা আটকে বিক্ষোভ করে। আজ আবার তারা সমাবেশ করেছে। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ওসি মাহফুজুর রহমান মিয়া জানান, ভোট পরবর্তি হামলার ঘটনার সংবাদ পেয়েই তিনি ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করেন। তবে এখন পর্যন্ত কোন পক্ষই থানাতে কোন অভিযোগ দেয়নি বলে জানান তিনি।

কালীগঞ্জে অজ্ঞাত নারীর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে রেললাইনের পাশ থেকে অজ্ঞাত নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার সকালে মোবারকগঞ্জ-যশোহর রেললাইনের রঘুনাথপুর এলাকার ২৭ নম্বর ব্রীজের পাশে মরদেহটি পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়।

পরে রেল পুলিশ ঘটনাস্থলে এসে তার মরদেহ উদ্ধার করে নিয়ে যায়। তবে দুপুর পর্যন্ত তার কোন পরিচয় পাওয়া যায়নি। স্থানীয়দের ধারনা মৃত নারী মানুষিক প্রতিবন্ধি হতে পারে। রাতের কোন এক সময় ট্রেনের ধাক্কায় হয়ত মারা যেতে পারে। তার মুখ ক্ষত বিক্ষত হয়ে পড়ে ছিল।

মোবারকগঞ্জ স্টেশন মাস্টার শাহজাহান আলী জানান, আমি দ্বায়িত্বে ছিলাম না, এই মাত্র যোগ দিলাম। কাজে যুক্ত হওয়ার পরই জানতে পেরেছি ঘটনাস্থল থেকে রেল পুলিশ মরদেহ উদ্ধার করে নিয়ে গেছে। তবে কিভাবে মারা গেছে তা বলতে পারবো না।

যশোর জিআরপি পুলিশ ফাঁড়ির এস আই শহিদুল ইসলাম বলেন, আমরা খবর পেয়ে ঘটনাস্থলে যায়। দুপুর দেড়টার সময় এক অজ্ঞাত যুবতী ৩০-৩৫ বয়সের মেয়ের লাশ উদ্ধার করে ময়না তদন্তে যশোর ২৫০ শয্যা হাসপাতলের মর্গে প্রেরণ করা হয়েছে। প্রাথমিক ভাবে আমরা ধারণা করছি সে মানষিক ভারসাম্যহীন, বাকি টা পরে জানা যাবে।

কালীগঞ্জে ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকা আটটি, সতন্ত্র তিনটি

কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই ব্যাপক উৎসব আমেজের মধ্যে দিয়ে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে

ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে।

রবিবার সকাল আটটা থেকে বিকাল চারটা পর্যন্ত প্রতিটি ইউনিয়নে ভোট কেন্দ্রেই ভোটারদের উপস্থিতি ছিলো চোখে পড়ার মত। সেই সাথে ছিল প্রশাসনের নজিরবিহিন নিরাপত্তা বেষ্টনী। এবারে নির্বাচনের ফলাফলে আওয়ামী লীগের থেকে- ৮ জন, আ’লীগ বিদ্রোহী- ২ জন ও স্বতন্ত্র থেকে ১ জন (হিজড়া সম্প্রদায়ের) চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

কালীগঞ্জ উপজেলা নির্বাচন কর্মকর্তা আলমগীর হোসেন জানান, বেসরকারী ফলাফলে চেয়ারম্যান পদে বিজয়ীরা হলেন-১ নং সুন্দপুর দূর্গাপূর ইউনিয়নে ওহিদুজ্জামান ওদু (আ’লীগ নৌকা) (বিনাপ্রতিদ্বন্দিতায়), ২ নং জামাল ইউনিয়নে মোদাচ্ছের হোসেন (আ’লীগ নৌকা), ৩ নং কোলা ইউনিয়নে আলাউদ্দিন আল আজাদ (আ’লীগ বিদ্রোহী (আনারস প্রতিক), ৪ নং নিয়ামতপুর ইউনিয়নে রাজু আহম্মেদ রনি লস্কর (আ’লীগ নৌকা), ৫ নং সিমলা রোকনপুর ইউনিয়নে নাছির চৌধুরী (আ’লীগ নৌকা), ৬ নং ত্রিলোচনপুর ইউনিয়নে তৃতীয় লিঙ্গের নজরুল ইসলাম রিতু (স্বতন্ত্র আনারস প্রতিক), ৭ নং রায়গ্রাম ইউনিয়নে আলী হোসেন অপু (আ’লীগ নৌকা) (বিনা প্রতিদ্বন্দিতায়) , ৮ নং মালিয়াট ইউনিয়নে আজিজুল খাঁ (আ’লীগ বিদ্রোহী আনারস প্রতিক), ৯ নং বারবাজার ইউনিয়নে আবুল কালাম আজাদ (আ’লীগ নৌকা) (বিনাপ্রতিদ্বন্দিতায়), ১০ নং কাষ্টভাঙ্গা ইউনিয়নে আয়ুব হোসেন খান (আ’লীগ নৌকা) ও ১১ নং রাখালগাছী ইউনিয়নে মহিবুল ইসলাম মন্টু (আ’লীগ নৌকা)।

উপজেলার ১১টি ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১ লাখ ৮৭ হাজার ৮২৫ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৯৫ হাজার ৩৭৪ জন এবং নারী ভোটার ৯২ হাজার ৪৫১ জন। এবারে ইউপি চেয়ারম্যান পদে ২৯ জন, পুরুষ সদস্য পদে ৩১৫ জন ও সংরক্ষিত নারী সদস্য পদে ৯৪ জন প্রতিদ্বন্দ্বিতা করেছেন। মোট ভোট কেন্দ্র ছিল ১০৪টি।

উল্লেখ্য, এবারে আইনশৃংখলা বাহিনীর কঠোর নিরাপত্তার মধ্যে ছিল প্রতিটি ইউনিয়নে একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট টহল। প্রতিটি কেন্দ্রে ৪ জন পুলিশ সদস্য, ১৭ জন আনসার সদস্য মোতায়েন এবং উপজেলা জুড়ে বিশেষ নিরাপত্তায় ৬ প্লাটুন বিজিবি ও র্যাব সদস্যরা দায়িত্ব পালন করেন।

কবিরাজ জালাল পেলেন তিন ভোট!

নাম কেএম জালাল উদ্দীন। কবিরাজ জালাল বলেই পরিচিত। ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১নং সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়নের কাদিরকোল গ্রামের মৃত আরশেদ আলীর ছেলে।

রবিবার অনুষ্ঠিত তৃতীয়বারের মতো একই ওয়ার্ড থেকে মেম্বার পদে প্রতিদ্বন্দ্বিতা করে ভোট পেয়েছেন ৩ ভোট। ২০১১ সালে ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন করে ভোট পেয়েছিলেন
১৩৩। এছাড়া ২০১৬ সালে একই ইউনিয়নের নিজ গ্রামের ১নং ওয়ার্ড থেকে মেম্বার পদে নির্বাচন করে ভোট পান মাত্র ২টি।

এবারের নির্বাচনে তার ওয়ার্ডে আরো তিনজন মেম্বার প্রার্থী রয়েছেন। এরমধ্যে হুমায়ুন কবির ফুটবল প্রতিকে ৬৬০ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। জাহাঙ্গীর আলম মোরগ প্রতিকে পেয়েছেন ৪১০ ভোট এবং মির্জা আব্বাছ টিউবওয়েল প্রতিকে একটি ভোটও পাননি।

পূর্বে দুই নির্বাচনে এলাকার কোন ব্যক্তি জালালের সমর্থন ও প্রস্তাবকারী ছিলেন না। পরে উপজেলার দুই কর্মকর্তা সেখানে তাদের নাম লিখে সহযোগীতা করেন। তবে এবার ভোটে তার নির্বাচনী ফর্মে স্থানীয় দুইজন প্রস্তাব ও সমর্থন করেছেন। নির্বাচনে প্রচার কাজ তিনি নিজেই করে থাকেন। যদিও এবার কোন মাইকিং করেননি।

তবে, পূর্বের দুই নির্বাচনে নিজেই ভ্যান চালিয়ে মাইক বেধে নিজের প্রচার কাজ করেছেন। এবার মাইকিং না করলেও বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের হাতে তার লাটিম প্রতিকের পোষ্টার দিয়ে ভোট প্রার্থনা করেছেন। এদিকে মেম্বার প্রার্থী কেএম জালাল উদ্দীন হলফনামায় ১৯৮৭ সালে এসএসসি পাশ করেন বলে উল্লেখ করেছেন। এছাড়া তার তিন স্ত্রী, চার ছেলে ও পাঁচ মেয়ে রয়েছে বলেও উল্লেখ করেন।

নির্বাচন প্রসঙ্গে তিনি জানান, এবার দিয়ে তিনি তৃতীয়বারের মত নির্বাচন করছেন। নির্বাচনে ভালো সৎ ও যোগ্য প্রার্থী না থাকায় তিনি নির্বাচন করেন। তবে ভোটাররা বোঝে না বলেই তারা অযোগ্য মানুকে ভোট দিয়ে প্রতিনিধি নির্বাচিত করেন। তবে একদিন মানুষের মধ্যে সঠিক বুঝ আসবে বলে বিশ্বাস তার।

কালীগঞ্জে তৃতীয় লিঙ্গের প্রার্থীর কাছে নৌকার পরাজয়

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ৬নং ত্রিলোচনপুর ইউনিয়ন নির্বাচনে আনারস প্রতীকের তৃতীয় লিঙ্গের স্বতন্ত্র প্রার্থী নজরুল ইসলাম ঋতুর কাছে পরাজিত হয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী নজরুল ইসলাম ছানা।

রোববার অনুষ্ঠিত নির্বাচনে আনারস প্রতীকের প্রার্থী ঋতু বেসরকারিভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। আনারস প্রতীক নিয়ে তৃতীয় লিঙ্গের এই প্রার্থী পেয়েছেন ৯ হাজার ৫৬৯ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী নৌকা প্রতীকের নজরুল ইসলাম ছানা পেয়েছেন ৪ হাজার ৫১৭ ভোট।

ভোটে জয়ী হয়ে মুঠোফোনে ঋতু বলেন, এ জয় ত্রিলোচনপুর ইউনিয়নবাসীর। প্রতিটি মানুষের কাছে আমি ঋণী। কাজের মাধ্যমে মানুষের ঋণ শোধ করার চেষ্টা করব।

কালীগঞ্জ উপজেলার তিনটি ইউনিয়নে ইতোমধ্যে তিনজন চেয়ারম্যান প্রার্থী বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এর মধ্যে ১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নে নৌকা প্রতীকের ওহিদুজ্জামান ওদু, ৭নং রায়গ্রাম ইউনিয়নে নৌকা প্রতীকের আলী হোসেন অপু ও ৯নং বারবাজার ইউনিয়নে নৌকা প্রতীকের আবুল কালাম আজাদ বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

শৈলকুপায় আ’লীগের দু গ্রুফের

সংঘর্ষে পুলিশসহ আহত ২০, গুলি বর্ষণ

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামীলীগের দু গ্রুপের সংঘর্ষে ৮টি বাড়িঘর ভাংচুর ও পুলিশসহ ২০ জন আহত হয়েছে। জানা যায়,উপজেলার হাকিমপুর ইউনিয়নের সাধুহাটি গ্রামে রবিবার সকাল ১১ টার সময় এ ঘটনা ঘটে। আসন্ন ইউপি নির্বাচনের তফসিল ঘোষণার পর পরই এলাকায় উত্তেজনা বাড়তে থাকে। বর্তমান চেয়ারম্যান কামরুজ্জামান জিকু ও সা”চু মাষ্টারের সমর্থকদের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে উভয়পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এক পর্যায়ে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ৩ রাউন্ড গুলি ছোড়ে। সংঘর্ষে ৩ পুলিশ সদস্যসহ উভয় পক্ষের ১৫ জন আহত হয়। আহতরা হলেন উপজেলার বিপ্রবকদিয়ার সারজিনা, মেহেদী হাসান, আয়ুব মোল্লা আঃ রহিম,নবিরুল ইসলাম, গোলাম কুদ্দুস,লিটন হোসেন , নবাব আলী রাসেল হোসেন রফিকুল ইসলাম, আঃ আজিজ, হাফিজুর রহমানসহ অনেকে এছাড়াও এসআই শিহাবুল ইসলাম, খাদেমুল ইসলাম ও ইকবাল হোসেন আহত হয়। আহতদের শৈলকুপা হাসপাতালে ভর্তি করা হয়েছে এর মধ্যে আযুব মোল্লা, আব্দুর রহিম লিটন শিকদারকে আশংকাজনক অবস্থায় ফরিদপুর মেডিকেল কলেজে রেফার করা হয়েছে।
এব্যাপারে শৈলকুপা থানা ওসি রফিকুল ইসলাম বলেন, সংঘর্ষের খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে যায়, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ৩ রাউন্ড গুলি ছোড়া হয়।বর্তমান পরিস্থিতি শান্ত আছে এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত

সাঁতার শিখনে সচেতনতা বাড়াতে ঝিনাইদহে দুরপাল্লার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ‘সাতার একটি জীবন রক্ষাকারী দক্ষতা’ এ শ্লোগানকে সামনে রেখে জাহেদী ফাউন্ডেশনের সহযোগিতায়

এ অনুষ্ঠানের আয়োজন করে সেফ সুইমিং একাডেমী। সকালে নবগঙ্গা নদীর পৌরসভার খাজুরা ব্রীজ এলাকার থেকে এ প্রতিযোগিতা শুরু হয়। প্রায় আড়াই কিলোমিটার দুরত্বের এ প্রতিযোগিতায় অংশ নেয় ১০ জন সাতারু। যা দেখতে নদীর পাড়ে ভীড় করে নানা শ্রেণী পেশার মানুষ। আড়াই কিলোমিটার নদীপথ পাড়ি দিয়ে শহরের দেবদারু এভিনিউতে এসে শেষ হয়। এতে প্রথম হয় সদর উপজেলা ভুটিয়ারগাতি গ্রামের সাতারু সুজা মোল্লা।

পরে এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। অনুষ্ঠান পরিচালনা করেন সেফ সুইমিং একাডেমীর পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব ও কাজী আলী আহাম্মেদ লিকু। আলোচনা সভা শেষে বিজয়ী ও অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ভোট চাইতে এসে নারীদের হাতে দিল নাকফুল!

ঝিনাইদহের কালীগঞ্জে ভোট চাইতে এসে প্রার্থী নিজে ও সমর্থকরা ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে নারীদের হাতে নাকফুল ও টাকা দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। এমনই ঘটনা ঘটেছে উপজেলার ১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডে।

জানা গেছে, শুক্রবার সকালে সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ডের মহাদেবপুর এলাকার বিউটি খাতুনের বাড়িতে গিয়ে ভোট প্রার্থনা করেন ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেনের ভাই সাইফুল হোসেন। এ সময় তিনি হাতের মধ্যে একটি নাকফুল ও ১০০ টাকা দেন। এছাড়াও দুর্গাপুর গ্রামে প্রমীলা রানীর বাড়িতে গিয়ে নাকফুল দেন প্রার্থী আমির হোসেন নিজেই।

মহাদেবপুর গ্রামের বিউটি খাতুন জানান, শুক্রবার সকালে ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেনের ভাই সাইফুল এসে তার হাতে একটি সোনালি রঙের নাকফুল ও ১০০ টাকা দেন। এরপর ফুটবল মার্কায় ভোট দিতে বলা হয়। বিষয়টি বুঝতে পেরে তিনি সঙ্গে সঙ্গেই তাদের কাছে নাকফুল ও ১০০ টাকা ফেরত দেন।

দুর্গাপুর গ্রামের প্রমীলা রানী বলেন, শুক্রবার সকালে আমির হোসেন এসে বলে-ও বৌদি বল মার্কায় একটি ভোট দিয়েন। এরপর সে নিজ হাতে দুইটি নাকফুল দেয়। তিনি বলেন, নাকফুল আমার লাগবে না। তখন আমির হোসেন মেয়েকে দিতে বলেন। গ্রামের বিভিন্ন নারীদের এ নাকফুল দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এ ব্যাপারে ফুটবল প্রতীকের প্রার্থী আমির হোসেন বলেন, প্রতিপক্ষরা এর আগেও ষড়যন্ত্র করেছে। এবারো তার প্রতিপক্ষরা ষড়যন্ত্র করে এগুলো করেছে। কাউকে টাকা দিয়ে ভোট করব না।

১নং সুন্দরপুর-দুর্গাপুর ইউনিয়ন পরিষদের রিটার্নিং অফিসার ও উপজেলা মাধ্যমিক অফিসার মধুসূদন সাহা বলেন, নাকফুল দেওয়ার ঘটনায় কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে অবশ্যই ব্যবস্থা নেব।

উল্লেখ্য, আগামী ২৮ নভেম্বর ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়নে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশনের ১ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বেরা করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত

হয়। সংগঠনের সভাপতি ইসমাইল হোসেন’র সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন বেস্ট টেলিকমের সিও আব্দুল গণি পাটোয়ারি, ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশন জেলা শাখার সহ-সভাপতি এম ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দীন, যুগ্মসাধারণ সম্পাদক মাসুম, সাংগঠনিক সম্পাদক তৌহিদ ইসলাম প্রমুখ ভাই কার্যকর সদস্য তাপস কুণ্ডু।

সেসময় বক্তারা, মোবাইল সার্ভিসিং করতে আসা গ্রাহকদের সাথে সদাচারণের মাধ্যমে সেবা দিতে সকল সদস্যদের প্রতি আহ্বান জানান। পরিশেষে বনভোজন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানটি সমাপ্ত করা হয়।